

নং-৪১.০১.০০০০.০২০.১৬.০০৪.১৯-৯৪৫

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৮  
২৫ ফেব্রুয়ারি ২০২২

### পরিপত্র

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ এর কর্মসম্পাদনসূচক ২.৩.১ অনুযায়ী এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ২৫৯-২৬২ নং নির্দেশনা ও সেবাপদ্ধতি সহজিকরণ ম্যানুয়াল, ২০১৫ এর আলোকে ২৫.০২.২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম একটি সেবা সহজিকরণের অফিস আদেশ জারির বাধ্যবাধকতা রয়েছে। উল্লেখ্য যে, সেবা সহজিকরণ কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক যথাক্রমে ১১-১৩ সেপ্টেম্বর ২০২১, ১৬ নভেম্বর ২০২১ ও ২৭ ডিসেম্বর ২০২১ তারিখে ৩টি সেবা সহজিকরণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রাপ্ত সুপারিশমালার আলোকে এবং মন্ত্রিপরিষদ বিভাগ, আইসিটি বিভাগ, এটুআই ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সার্বিক সহযোগিতায় 'নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থার কার্যএলাকা সম্প্রসারণ অনুমোদন' শীর্ষক সেবাটি সহজিকরণ করা হয়েছে।

সেবা পদ্ধতি সহজিকরণ (SPS) এর আওতায় উক্ত সেবাটি সহজিকরণের ফলে একজন সেবাগ্রহীতা স্বল্পখরচে ও কমসময়ে সেবাটি গ্রহণ করবেন। এতে সেবাগ্রহীতার ভোগান্তি হ্রাসের পাশাপাশি নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থার কার্যএলাকা সম্প্রসারণ অনুমোদন কার্যক্রম গতিশীল হবে।

বর্ণিত অবস্থায়, সহজিকরণকৃত সেবাটি সমাজসেবা অধিদপ্তরের মাঠপর্যায়ের সংশ্লিষ্ট সকল কার্যালয়কে সংযুক্ত প্রসেস ম্যাপ অনুযায়ী বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তিঃ সেবা প্রদানের প্রসেসম্যাপ।



(শেখ রফিকুল ইসলাম)  
মহাপরিচালক

ফোনঃ ০২-৫৫০০৭০২২


ইমেইল: [dg@dss.gov.bd](mailto:dg@dss.gov.bd)


অবগতি ও প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)


- ১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল)।
- ৫। সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)।


### ঙ) বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map):


সেবার নাম: নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থার কার্যএলাকা সম্প্রসারণ অনুমোদন













P- উপপরিচালক  
T- ৩ দিন


জ) প্রস্তাবিত প্রসেস ম্যাপ:

সেবার নাম: নিবন্ধিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থার কার্যএলাকা সম্প্রসারণ অনুমোদন









P- মহাপরিচালক  
T- ১ দিন

P- অফিস সহকারী  
T- ১ দিন